

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(জনস্বাস্থ্য-১ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিশ্বে করোনা ভাইরাস (COVID-19) এবং ডেঙ্গু রোগ প্রতিরোধে করণীয় সম্পর্কে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব জাহিদ মালেক, এমপি, মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
স্থান : সভাকক্ষ (ভবন নং-৩, কক্ষ নং ৩৩২, ৪র্থ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)
তারিখ ও সময় : ০৩/০৩/২০২০খ্রিঃ, সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “ক”

সভাপতির অনুমতিক্রমে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, ডেঙ্গু এবং করোনা বিষয়ে বক্তব্য প্রদান করেন। তিনি এ দুটি রোগের ভয়াবহতা এবং করণীয় বিষয়ে তার বক্তব্য উপস্থাপন করেন। অতপরঃ তিনি সভার সদস্যদের মতামত প্রদানের জন্য আহ্বান করেন।

অধ্যাপক ডাঃ শাহনীলা ফেরদৌসী, পরিচালক, রোগ নিয়ন্ত্রণ, ডেঙ্গু সম্পর্কে সংক্ষিপ্ত বক্তব্য উপস্থাপন করেন। তিনি বলেন এডিস মশা সার্ভে চলমান রয়েছে এবং ডেঙ্গু বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া হয়েছে। Civil Aviation এর প্রতিনিধি বলেন বিমান বন্দরে উত্তর সিটি কর্পোরেশন ও রোগ নিয়ন্ত্রণ শাখা, স্বাস্থ্য অধিদপ্তরের সমন্বয়ে মশা নিয়ন্ত্রণে কাজ চলছে। প্রতিনিধি, ধর্ম মন্ত্রণালয় বলেন সারাদেশের সকল মসজিদ, মন্দির, বৌদ্ধমন্দির, গীর্জাসহ সকল উপসনালয়ে মশা নিয়ন্ত্রণ এবং প্রতিরোধের কর্মসূচি নেয়া হচ্ছে। তিনি এ বিষয়ে বিভিন্ন লিফলেট সরবরাহের জন্য রোগ নিয়ন্ত্রণ শাখা, স্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ জানান।

প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, উত্তর সিটি কর্পোরেশন বলেন কস্ট্রাকশান জায়গাগুলোয় কীটনাশক গ্র্যানুলস (Granules) ব্যবহার করা হচ্ছে। স্প্রে করার জন্য অত্যাধুনিক যন্ত্র ক্রয় করা হচ্ছে এবং Larvicide (Temifose) মজুদ আছে। প্রতিনিধি, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগ ডেঙ্গু নিয়ন্ত্রণ ও প্রতিরোধকল্পে শিক্ষার্থীদের জন্য Awareness প্রোগ্রামের কথা বলেন। অধ্যাপক কবিরুল বাশার, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বলেন গ্রামাঞ্চলে, ইউনিয়নে, ওয়ার্ডে স্থানীয় প্রশাসনের তত্ত্বাবধানে/অধীনে এডিস প্রতিরোধ কমিটি গঠন করা যেতে পারে এবং পাঠ্য বইয়ে ডেঙ্গু ও করোনা ভাইরাসের বিষয়ে অন্তর্ভুক্ত করা যেতে পারে। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর বলেন গত বছর যারা আক্রান্ত হয়েছিল এবার তাদের আরো সচেতন হতে হবে। মশার উৎপত্তি স্থল কমানোই হল সবচেয়ে বড় সমাধান। স্থানীয় সরকারের সকলকেই সম্পৃক্ত করতে হবে।

সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ করোনা ভাইরাসে আক্রান্ত বা সন্দেহভাজনদের ব্যবস্থাপনার জন্য ৩টি স্তরের বিষয় উল্লেখ করেন। ১ম স্তর: POE (Points of Entry) তে স্ক্রিনিং, ২য় স্তর: সন্দেহজনক হলে কোয়ারেন্টাইন করা এবং ৩য় স্তর: করোনা ভাইরাসে আক্রান্ত হলে WHO Protocol অনুযায়ী রোগীর ব্যবস্থা নেয়া।

সভাপতি বলেন করোনা প্রতিরোধ ও নিয়ন্ত্রণের জন্য জাতীয় কমিটি, জেলা কমিটি ও উপজেলা কমিটি গঠন করা হয়েছে। বিদেশ থেকে আগত যাত্রীদের স্ক্রিনিং করা হচ্ছে। সংক্রমন নিয়ন্ত্রণের জন্য Isolation হাসপাতাল হিসেবে তিনটি হাসপাতালকে প্রস্তুত রাখা হয়েছে। প্রতিটি জেলায় আইসোলেশন ইউনিট করা হয়েছে। প্রতিরোধের জন্য প্রয়োজনীয় জিনিসপত্র যেমন- মাস্ক, গ্লাভস, গাউন সরবরাহ করা হয়েছে। বাইরে যারা থাকেন তাদের এ মুহূর্তে দেশে আসতে নিবৃৎসাহিত করা হচ্ছে।

সভায় ডেঙ্গু ও করোনা ভাইরাস বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রমিক নং	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	এডিস মশা নিয়ন্ত্রণ করতে হবে।	ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা স্থানীয় সরকার বিভাগ
২.	লার্ভা নিধনের জন্য প্রয়োজন মত লার্ভিসাইড স্প্রে করতে হবে। লার্ভা উৎপত্তি স্থলগুলোতে প্রচুর এবং ঘনঘন স্প্রে করতে হবে।	ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা স্থানীয় সরকার বিভাগ
৩.	ডেঙ্গু বিষয়ক বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়
৪.	করোনা প্রতিরোধে গঠিত কমিটির কাজ সমন্বয় ও ত্বরান্বিত করতে হবে।	সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়
৫.	প্রত্যেক পয়েন্টস অব এন্ট্রিতে জ্বিনিং কার্যক্রম আরও জোরদার করতে হবে।	বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়/নৌপরিবহন মন্ত্রণালয়/স্বাস্থ্য সেবা বিভাগ
৬.	Hand held Infrared thermometer এর সংখ্যা বাড়াতে হবে।	স্বাস্থ্য অধিদপ্তর স্বাস্থ্য সেবা বিভাগ
৭.	সকল পর্যায়ে আইসোলেশন সেন্টারগুলো প্রস্তুত রাখতে হবে।	স্বাস্থ্য অধিদপ্তর স্বাস্থ্য সেবা বিভাগ
৮.	করোনা প্রতিরোধের জন্য WHO এবং স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত প্রটোকল মেনে চলতে হবে।	স্বাস্থ্য অধিদপ্তর স্বাস্থ্য সেবা বিভাগ

সভাপতি ডেঙ্গু ও কোভিড-১৯ ভাইরাস প্রতিরোধে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়ের সমন্বয়ের মাধ্যমে কাজ করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৩/০৩/২০২০
জাহিদ মালেক, এমপি
মাননীয় মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়


নং-৪৫.১৭০.০০১.০০.০০.০০২.২০১৫/১৭

তারিখ : ২৫.০৩.২০২০ খ্রিষ্টাব্দ

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মাননীয় মেয়র, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- ২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৩। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও।
- ৪। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৫। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৬। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৭। সিনিয়র সচিব, বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ৮। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা।
- ৯। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ১০। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ১২। সচিব, কৃষি মন্ত্রণালয়, মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ১৩। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।

- ১৪। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ১৫। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ১৬। সচিব, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ১৭। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৮। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ১৯। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ২০। সচিব, তথ্য মন্ত্রণালয়, মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ২১। অতিরিক্ত সচিব (জ/বি)/(প্রশাসন)/(হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২৩। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২৪। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফার্মগেট।
- ২৫। যুগ্মসচিব (বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২৬। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২৭। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন, ঢাকা।
- ২৮। প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন, ঢাকা।
- ২৯। পরিচালক, আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩০। পরিচালক, রোগ নিয়ন্ত্রণ ও লাইন ডাইরেক্টর, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩১। পরিচালক, নিপসম, মহাখালী, ঢাকা।
- ৩২। অধ্যাপক কবিরুল বাসার, জাহাংগীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
- ৩৩। পরিচালক, হাসপাতাল ও ক্লিনিকসমূহ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩৪। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৩৫। ভাইস চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩৬। সভাপতি, বিএমএ, ভোপখানা রোড, ঢাকা।
- ৩৭। সভাপতি, স্বাধীনতা চিকিৎসক পরিষদ, ঢাকা।
- ৩৮। ডাঃ এ এ এম আলমগীর, জ্যেষ্ঠ বৈজ্ঞানিক কর্মকর্তা, আইইডিসিআর, মহাখালী, ঢাকা।
- ৩৯। সিভিল সার্জন, ঢাকা।
- ৪০। প্রধান, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪১। ডাঃ মোঃ নাসির আহমেদ খান, ডিপিএম, আইএইচআর, রোগ নিয়ন্ত্রণ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪২। ডাঃ গোলাম কায়সার, আইডিএস, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪৩। ডাঃ মোঃ সেলিমুজ্জামান, পিএসও, আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪৪। ডাঃ আফসানা আলমগীর খান, ডিপিএম, জাতীয় ম্যালেরিয়া নির্মূল ও এডিস ট্রান্সমিটেড ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪৫। চিফ ন্যাশনাল কমিশনার, বাংলাদেশ স্কাউটস, ঢাকা।
- ৪৬। ডাঃ জামাল উদ্দীন চৌধুরী, সাধারণ সম্পাদক, বিপিএমপিএ, ঢাকা।
- ৪৭। সহকারী পরিচালক, ঢাকা মশক নিধন ডিপার্টমেন্ট, ঢাকা।
- ৪৮। Mya Sapal NGON, Medical Officer, CDS, WHO, Dhaka.
- ৪৯। ডাঃ মঞ্জুর, এন্টোমোলজিস্ট, ফার্মগেট, ঢাকা।


 ড. গোলাম মোঃ ফারুক
 উপসচিব
 ফোন : ৯৫১১০৭২

অনুলিপি :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।